



সোনালী ব্যাংক লিমিটেড  
স্থানীয় কার্যালয়, ঢাকা  
সংস্থাপন বিভাগ

**দরপত্র বিজ্ঞপ্তি**

০১।	সংগ্রহকারী সংস্থার নাম	সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা
০২।	দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ	বিজ্ঞপ্তি নং- ০২ তারিখ : ১২.১২.২০১৮
০৩।	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM)
০৪।	বাজেট এবং ফান্ড প্রাপ্তির উৎস	সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব ফান্ড
০৫।	কাজের নাম	ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা প্রাক্কনে সোনালী ব্যাংক লিমিটেড এর ২৫'x২৫' সাইজের মিনি প্যাভেলিয়ন নির্মাণ, উহার মধ্যে এটিএম বুথ স্থাপন এবং আসবাবপত্র ও এসি সংযোজনসহ সজ্জিতকরণ।
০৬।	জামানতের পরিমাণ	২০,০০০.০০ (বিশ হাজার) টাকা।
০৭।	দরপত্র দলিলের মূল্য (অফেরৎ বোগ্য)	৫০০.০০ (পাঁচশত) টাকা।
০৮।	কার্যসমাপ্তির সময়সীমা	কার্যদেশ প্রাপ্তির তারিখ থেকে ১০ (দশ) দিন।
০৯।	দরপত্র দলিল প্রাপ্তির স্থান	সংস্থাপন বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা।
১০।	দরপত্র দলিল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	২০.১২.২০১৮, বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত
১১।	দরপত্র জমা দেয়ার স্থান এবং তারিখ ও সময়	সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা-এর সংস্থাপন বিভাগের এজিএম চেম্বারে রক্ষিত টেন্ডার বাঞ্চে ২০.১২.২০১৮ তারিখ দুপুর ০৩.৩০ ঘটিকা পর্যন্ত।
১২।	দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা-এর সংস্থাপন ও জেনারেল ব্যাংকিং বিভাগের ডিজিএম মহোদয়ের কক্ষে ২০.১২.২০১৮ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
১৩।	দরদাতাদের যোগ্যতা	(ক) বাংলাদেশের যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান PPR-2008-এর প্রবিধান মোতাবেক চুক্তি সম্পাদনে দেশের প্রচলিত কোন আইন দ্বারা যদি অযোগ্য ঘোষিত না হয়ে থাকে এবং (খ) একক দরপত্রে বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে যাদের নির্মাণ/রি-মডেলিং/ইনটেরিয়র ডেকোরেশন (সিভিল) সংক্রান্ত কমপক্ষে ৪.০০ (চার) লক্ষ টাকার কাজ সম্পাদনের পূর্ব অভিজ্ঞতা রয়েছে।
১৪।	দরপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।	(ক) দেশের প্রচলিত কোন আইন দ্বারা চুক্তি সম্পাদনে অযোগ্য নহেন এই মর্মে অঙ্গীকারনামা। (খ) জাতীয়তা সার্টিফিকেট (পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত) (গ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি। (ঘ) মালিকানা সংক্রান্ত এক্সিডেন্ট-এর সত্যায়িত ফটোকপি। (ঙ) টি,আই,এন নম্বরসহ আয়কর পরিশোধ সংক্রান্ত সর্বশেষ সনদের সত্যায়িত ফটোকপি। (চ) মুসক (VAT) নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি। (ছ) কমপক্ষে নির্বাহী প্রকৌশলী কর্তৃক প্রদত্ত সন্তোষজনকভাবে কার্যসম্পাদন সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য সনদ/প্রত্যায়নের ফটোকপিসমূহ কমপক্ষে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে।
১৫।	দর দাতাদের প্রতি বিশেষ নির্দেশাবলী	(ক) নির্মিতব্য মিনি প্যাভেলিয়নের নকশা ও স্ট্রাকচারাল ডিজাইন গ্রাঞ্জুয়েট স্থপতি ও প্রকৌশলী কর্তৃক প্রণীত হতে হবে এবং স্থাপত্য ও স্ট্রাকচারাল নকশা/ডিজাইন ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হতে হবে। (খ) নির্মিতব্য মিনি প্যাভেলিয়নের নকশা/স্ট্রাকচারাল ডিজাইন-এর মডেল দরপত্র খোলার দিনে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। (গ) দরপত্রে উদ্ধৃত দর সমূহের বৈধতা ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৯ এর জন্য প্রযোজ্য থাকবে। (ঘ) দরপত্র খোলার দিন যদি ছুটি ঘোষিত হয়, তবে পরবর্তী অফিস খোলার দিন নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হবে। (ঙ) ১৪ নং ক্রমিকে উল্লেখিত, কাগজপত্র/দলিলাদি দরপত্রের সাথে জমা না দেয়া হলে ঐ দরপত্রটি মূল্যায়নের জন্য বিবেচিত হবে না। (চ) দরপত্রের জামানত যে কোন তফসিল ব্যাংক হতে ডেপুটি জেনারেল ম্যানেজার, সংস্থাপন ও জেনারেল ব্যাংকিং বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা- এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হবে। (ছ) মেলা শেষ হওয়ার পর নির্মিত প্যাভেলিয়ন ঠিকাদারকে ফিরিয়ে দেয়া হবে এবং ঠিকাদারের নিজস্ব খরচে এবং নিজ দায়িত্বে প্যাভেলিয়ন মেলা প্রাঙ্গণ থেকে সরিয়ে নিতে হবে। (জ) উপরে বর্ণিত শর্তাদি ছাড়াও সংশ্লিষ্ট কাজের দরপত্র দলিলে বর্ণিত শর্তাদি এবং ডিআইটিএফ ২০১৯ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত শর্তাদি প্রযোজ্য হবে।
১৬।	দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ ও টেলিফোন নম্বর-	ডেপুটি জেনারেল ম্যানেজার, সংস্থাপন ও জেনারেল ব্যাংকিং বিভাগ, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়, ঢাকা। ফোন নম্বর- ৯৫৫০২৭৩।
১৭।	দরপত্র সংক্রান্ত পদ্ধতিগত প্রক্রিয়ার ক্ষেত্রে	The Public Procurement Regulation Act-2008-এর প্রবিধান প্রযোজ্য।
১৮।	কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন বা সকল দরপত্র বাতিল অথবা যে কোন দরপত্র আংশিক/সম্পূর্ণরূপে গ্রহণের অধিকার ব্যাংক কর্তৃক সংরক্ষিত।	

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার